

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫  
www.dhakacollege.edu.bd



তারিখ: ০৩/০৭/২০২৩ খ্রি:

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক শ্রেণির বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার পরীক্ষার্থীদের ফরম পূরণ অনলাইন eFF এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

**ফরম পূরণের টাকা জমা দেওয়ার তারিখ ও সময় :**

০৯/০৭/২০২৩ হতে ১৬/০৭/২০২৩ তারিখ পর্যন্ত।

**ফরম পূরণের যোগ্যতা :**

২০২১-২০২২ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির ছাত্রদের মধ্যে যারা নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যে সকল পরীক্ষার্থী ২০২১/২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।


**গ্রেড উন্নয়ন:**

যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**ফরম পূরণের টাকা জমা দেওয়ার মাধ্যম :**

নগদ, বিকাশ, রকেট ও উপায় এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে হবে। ফি প্রদানের জন্য ঢাকা কলেজের ১৩ ডিজিটের ক্লাস রোল নম্বর দিয়ে নিজ নাম ও টাকার পরিমাণ যাচাই করে ফি জমা দিতে হবে। ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।

**বিঃদ্র:** ১/২ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ পূর্বের প্রবেশপত্রের ফটোকপি এবং জি.পি.এ. উন্নয়ন পরীক্ষার্থীগণ পূর্বের প্রবেশপত্র এবং নম্বরপত্রের ফটোকপিসহ আগামী ১২/০৭/২০২৩ তারিখের মধ্যে অফিস সহকারী জনাব মো: সোহরাব হোসেন এর সাথে যোগাযোগ করে ফরমপূরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।



(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com

